

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

দশম শ্রেণি

ভূগোল

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১×৪=৪
- ১.১ মরু অঞ্চলের শূন্য নদীখাত হলো —
- ক) প্লায়া খ) হামাদা
গ) মরুদ্যান ঘ) ওয়াদি
- ১.২ যে ক্ষয়কারী প্রক্রিয়া নদীর ক্ষয়কাজের সঙ্গে যুক্ত নয় সেটি হলো —
- ক) অবঘর্ষ খ) অপসারণ
গ) ঘর্ষণ ঘ) দ্রবণ
- ১.৩ উত্তর-পশ্চিম ভারতে পশ্চিমী বায়ুর প্রভাব লক্ষ করা যায় —
- ক) শীতকালে খ) গ্রীষ্মকালে
গ) বর্ষাকালে ঘ) শরৎকালে
- ১.৪ ভারতের বৃহত্তম তথ্য প্রযুক্তি শিল্প কেন্দ্র হলো —
- ক) কলকাতা খ) হায়দ্রাবাদ
গ) বেঙ্গালুরু ঘ) চেন্নাই
২. একটি বা দুটি শব্দে উত্তর দাও : ১×৪=৪
- ২.১ বায়ুর প্রবাহপথে আড়াআড়ি অবস্থিত বালিয়াড়ি কী নামে পরিচিত?
- ২.২ হিমবাহের উৎপাতন প্রক্রিয়ায় সৃষ্ট একটি ভূমিরূপের নাম লেখো।
- ২.৩ ভারতের উপদ্বীপীয় মালভূমির একটি স্তূপ পর্বতের নাম লেখো।
- ২.৪ ভারতের কোন মৃত্তিকা কার্পাস চাষের পক্ষে আদর্শ?
৩. সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪
- ৩.১ বহুমুখী নদী উপত্যকা পরিকল্পনার দুটি উদ্দেশ্য উল্লেখ করো।
- ৩.২ ভারতীয় কৃষির সমস্যা সমাধানের যে কোনো দুটি উপায় উল্লেখ করো।
৪. নীচের প্রশ্নটির উত্তর দাও : ৩×১=৩
- ৪.১ ‘ভারতীয় পরিবহন ব্যবস্থায় সড়কপথের গুরুত্ব অপরিসীম’ — বক্তব্যটির যথার্থতা বিচার করো।
৫. নীচের প্রশ্নটির উত্তর দাও : ৫×১=৫
- ৫.১ ভারতের জনবণ্টনের তারতম্যের প্রাকৃতিক কারণগুলি বর্ণনা করো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।